গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।
(www.phulchari.gaibandha.gov.bd )

স্মারক নং-০৫.৫৫.৩২২১.০০২.২৪.০৭০.(অংশ-১)২০.১৩১(৫০)

তারিখ ঃ ২২ কার্তিক ১৪৩০ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

## ৫ম উপজেলা পরিষদের
## ৩৮তম মাসিক সাধারণ সভার আমন্ত্রণপত্র

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ফুলছড়ি উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৩৮তম মাসিক সাধারণ সভা আগামী **২৩ নভেম্বর-২০২৩ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১১.০০ টায়** উপজেলা পরিষদ সভা কক্ষে **জনাব জি.এম. সেলিম পারভেজ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা** এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

আলোচ্যসূচি ঃ

১) বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ;
২) বিভাগীয় আলোচনা ;
৩) উপজেলা পরিষদের রাজস্ব ব্যয় সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত ;
৪) বিবিধ ।

(মোঃ আনিসুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলছড়ি,গাইবান্ধা
ফোন ঃ ০২-৫৮৯৯৮৫২০২
e-mail : unofulchari@mopa.gov.bd

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

১। জনাব জি.এম সেলিম পারভেজ, চেয়ারম্যান উপজেলা পরিষদ ফুলছড়ি,গাইবান্ধা।
২। জনাব ........................................................................................, ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, ৫ম উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা।

(জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে ) ঃ

৩। উপজেলা ........................................................................ (সকল) অফিসার, ফুলছড়ি,গাইবান্ধা।

**তাকে সংযুক্ত ফরমে তার বিভাগীয় আলোচনার বিষয়বস্তু সংক্ষিপ্ত আকারে লিখিতভাবে সভা চলাকালিন সময়ে উপস্থাপন/দাখিল করার জন্য অনুরোধ করা হলো ।**

৪। অফিসার ইনচার্জ, ফুলছড়ি থানা।
৫। চেয়ারম্যান, কঞ্চিপাড়া/উড়িয়া/উদাখালী/গজারিয়া/ফুলছড়ি/এরেন্ডাবাড়ী/ফজলুপুর ইউনিয়ন পরিষদ, ফুলছড়ি,গাইবান্ধা
৬। জনাব ..........................................................................................................

**অনুলিপি ( সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ) ঃ**

১। জনাব মাহমুদ হাসান, মাননীয় সংসদ সদস্য, ৩৩-গাইবান্ধা-৫ (সাঘাটা-ফুলছড়ি ) নির্বাচনী এলাকা।
২। জেলা প্রশাসক, গাইবান্ধা।

# ফুলছড়ি উপজেলার ৫ম উপজেলা পরিষদের ৩৮তম সভার কার্যবিবরণী

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | জনাব জি.এম.সেলিম পারভেজ<br>উপজেলা পরিষদ চেয়ারম্যান<br>ফুলছড়ি, গাইবান্ধা। |
| সভার স্থান | ঃ | উপজেলা পরিষদ সভা কক্ষ |
| সভার তারিখ | ঃ | ২৩ নভেম্বর, ২০২৩ খ্রিঃ |
| সময় | ঃ | বেলা ১১.০০ ঘটিকা। |

**উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট -ক তে দ্রষ্টব্য ।**

সভাপতি সভায় সকল ইউপি চেয়ারম্যানসহ বিভাগীয় কর্মকর্তাগণকে তার পক্ষ থেকে আন্তরিক ধন্যবাদ জানান। তিনি তার সুচনা বক্তব্যে জানান যে, উপজেলা পরিষদের মাসিক সভায় উপজেলার সার্বিক উন্নয়নসহ সকল বিভাগ/দপ্তরের কার্যক্রম সম্পর্কে আলোচনা অনুষ্ঠিত হয়। তিনি সভায় সকলের উপস্থিতির উপর গুরুত্বারোপ করেন। তিনি আলোচ্য সূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে সভায় অনুরোধ জানান।

অতঃপর উপজেলা নির্বাহী অফিসার জনাব মোঃ আনিসুর রহমান আলোচনার শুরুতেই উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে আলোচ্য সূচি মোতাবেক সভার কাজ আরম্ভ করেন।

০১। **বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন ঃ**

উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতেই বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করে শুনান। বিগত সভার কার্যবিবণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিলক্রমে দৃঢ়করণ করা হয়।

০২। **বিভাগীয় আলোচনাঃ**

০১) **উপজেলা প্রকৌশল অধিদপ্তর ঃ**

উপজেলা প্রকৌশলী সভায় সভাপতিসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে সভাকে অবহিত করেন। এডিপি সাধারণ ০২ কিস্তি বাবদ মোট বরাদ্দ = ৫৪,৯৮,০০০/-(চুয়ান্ন লক্ষ আটানব্বই হাজার) টাকা। ০৩টি পিআইসি-এর মাধ্যমে ব্যয় নিম্নরূপ:

১) অফিসার্স ক্লাব-এর আসবাবপত্র সরবরাহ বাবদ = ৯৯,৮২৯/-(নিরানব্বই হাজার আটশত উনত্রিশ) টাকা। ২) গবাদী পশুর লাম্পি স্কিন প্রতিরোধ সংক্রান্ত = ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা এবং ৩) মদনেরপাড়া সোলায়মানের বাড়ি হতে মসজিদ পর্যন্ত রাস্তা সিসিকরণ = ১,৫০,০০০/-(এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। সর্বমোট (৯৯৮২৯+২০০০০০+১৫০০০০) = ৪,৪৯,৮২৯/-(চার লক্ষ উনপঞ্চাশ হাজার আটশত উনত্রিশ) টাকা। তিনি আরো জানান এডিপি হতে উপজেলা পরিষদের অভ্যন্তরে রাস্তা ও ডর্মিটরী মেরামত বাবদ = ৩৫,০০,০০০/-(পয়ত্রিশ লক্ষ) টাকা, পরিচালন বাজেটের আওতায় ইউনিয়ন পরিষদ খাতে

| | |
|---|---|
| ১) উড়িয়া ইউপি. তে বরাদ্দ | = ১০,০০,০০০/- |
| ২) গজারিয়া ইউপি.তে বরাদ্দ | = ১০,০০,০০০/- |
| ৩) ফুলছড়ি ইউপি.তে বরাদ্দ | = ১০,০০,০০০/- |
| ৪) কঞ্চিপাড়া ইউপি.তে বরাদ্দ | = ১০,০০,০০০/- |
| মোট | = ৪০,০০,০০০/- |

এ বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ সংস্কার কাজে ই-টেন্ডার এর মাধ্যমে বাস্তবায়ন করা জন্য বলেন। তিনি বলেন এডিপি এর অর্থায়নে ডর্মিটরী মেরামত ও পরিষদের অভ্যন্ত রাস্তার মেরামত কাজ RFQ পদ্ধতিতে বাস্তবায়নের অনুরোধ জানান। তিনি বলেন এডিপি'র অর্থায়নে পিআইসি-এর মাধ্যমে বাস্তবায়িত যেসকল প্রকল্পের বিল প্রক্রিয়াধীন রয়েছে তা নিম্নরূপ:

১) ফুলছড়ি থানায় গোলচত্বর নির্মাণ প্রকল্প, বরাদ্দ = ২,০০,০০০/- ২) এরেন্ডাবাড়ী ইউনিয়নের আনন্দবাড়ী নূরানী হাফিজিয়া মাদ্রাসা ঘর মেরামত প্রকল্প, বরাদ্দ = ৯৯,০০০/-, ৩) হরিচন্ডি জামে মসজিদের ওযুখানা নির্মাণ প্রকল্প, বরাদ্দ = ১,৫০,০০০/- এবং ৪) উড়িয়া ইউনিয়নের রতনপুর রহমানিয়া দাখিল মাদরাসা'র ল্যাট্রিন সংস্কার প্রকল্প, বরাদ্দ = ১,৭০,০০০/-। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম বাস্তবায়নে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করে বক্তব্য শেষ করেন। সভায় এ দপ্তরের কার্যক্রম সংক্রান্ত বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) এডিপি-এর অর্থ ব্যয়ে সকল প্রকার আর্থিক বিধি অনুসরণ করতে হবে। এ অর্থ ব্যয়ে আর্থিক বিধি অনুসরণ না করার কারণে কোনরূপ জটিলতার তৈরি হলে সংশ্লিষ্ট সকল দায়ী থাকবে।

(২) প্রাক্কলন মোতাবেক কাজ সম্পন্ন হওয়া সাপেক্ষে প্রকল্পের চূড়ান্ত বিল প্রদান করতে হবে।

(৩) উপজেলা প্রকৌশলী (এলজিইডি) কর্তৃক প্রকল্পসমূহের প্রাক্কলন প্রস্তুত করতে হবে এবং প্রকল্প নিয়মিত তদারকি করতে হবে।

(৪) প্রকল্পের জামানতের অর্থ যথা নিয়মে প্রদান করতে হবে।

(৫) টেন্ডারের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে সর্বশেষ পিপিআর এর নির্দেশনা অনুসরণ করতে হবে।

(৬) প্রতিটি প্রকল্পের বিল প্রদানের সময় প্রকল্পের কাজের শুরুর ছবি এবং কাজ সমাপ্তের একই স্থানের ছবি রাখতে হবে।

(৭) এডিপি-এর অর্থায়নে পিআইসি এবং টেন্ডারের মাধ্যমে গৃহীত প্রকল্পের শতভাগ কাজ বাস্তবায়ন না হলে চূড়ান্ত বিল প্রদান করা যাবেনা।

(৮) ইউনিয়ন পরিষদের বিপরীতে বরাদ্দকৃত অর্থ, ই-টেন্ডার এবং ডর্মিটরী মেরামত ও পরিষদের অভ্যন্তরে রাস্তার কাজ RFQ পদ্ধতিতে বাস্তবায়ন করতে হবে।

০২) **উপজেলা কৃষি বিভাগ ঃ**

উপজেলা কৃষি অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তর সম্পর্কিত নিম্নরূপ তথ্যাদি সভায় উপস্থাপন করেন।

| ক্র. নং | কাজের ধরণ | বিবরণ |
|---|---|---|
| ০১ | প্রণোদনা কার্যক্রম | ২০২৩-২৪ অর্থবছরে রবি মৌসুমে কৃষি প্রণোদনা কর্মসূচীর বিভিন্ন ফসলের উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ৪৩৭০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ কার্যক্রম শেষ হয়েছে। বোরো উফশী ও বোরো হাইব্রিড প্রনোদনার বরাদ্দ বোরো উফশী ২৫০০ জন/বিঘা ও বোরো হাইব্রিড ২০০ জন/বিঘা যার বিতরণ কার্যক্রম শুরু হয়েছে। |
| ০২ | মাঠ পরিদর্শন | বর্তমানে মাঠে সরিষা, ভুট্টা, গম, পেঁয়াজ, চিনাবাদাম, মরিচ ও বোরো বীজতলা আবাদ কার্যক্রম চলমান। উপসহকারী কৃষি কর্মকর্তা সর্বক্ষণিক মাঠে থেকে ফসলের বিভিন্ন কৃষি বিষয়ক পরামর্শ প্রদান করছেন। |
| ০৩ | সারের বরাদ্দ, উত্তোলন, মজুদ | নভেম্বর/২৩ মাসে উপজেলা ইউরিয়া সারের বরাদ্দ ২৭৫ মে.টন। উত্তোলন হয়েছে ২৭৫ মে.টন। ডিলার পর্যায়ে সার মজুদ আছে ৮০ মে.টন। সার বিতরণে মনিটরিং কার্যক্রম চলমান আছে। |
| ০৪ | আশ্রয়ণ প্রকল্প কার্যক্রম | আশ্রয়ণ প্রকল্পে পুষ্টি বাগান স্থাপন করা হয়েছে ২৪টি। বিভিন্ন শাকসবজির বীজসহায়তা প্রদান করা হয়েছে ৪৯৮ টি পরিবারের মাঝে। উপসহকারী কৃষি কর্মকর্তাগণ নিয়মিত ভাবে সেখানে গিয়ে ঘরের চজালে লাউ, শীম চাষ, ঘরের পার্শ্বে পেঁপে ও ফল চাষ, ঘরের সামনে পিছনে বিচ্ছিন্নভাবে শাক সবজি চাষ ও ছায়াযুক্ত স্থানে বস্তায় আদা, হলুদ চাষ করার জন্য পরামর্শ প্রদান কার্যক্রম চলমান আছে। |

উপজেলা কৃষি দপ্তরের কার্যক্রম বিষয়ে সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

চলমানপাতা-০২

সিদ্ধান্ত: ০১) প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে সরকারে সর্বশেষ নীতিমালা অনুসরণ করার জন্য বলা হলো।
০২) প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে কৃষকের তালিকা প্রণয়নে স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করার জন্য বলা হলো।
০৩) নীতিমালা অনুসারে উপসহকারী কৃষি কর্মকর্তাদের সার্বক্ষণিক মাঠে অবস্থান করে কৃষকদের পরামর্শমূলক কার্যক্রম বাড়াতে হবে।
০৪) সার বিতরণ ও মজুদ কার্যক্রম মনিটরিং জোরদার করতে হবে।
০৫) সিন্ডিকেটের মাধ্যমে সার সংকট তৈরি করতে না পারে সে বিষয়ে তদরকি কার্যক্রম জোরদার করতে হবে।

## ০৩) উপজেলা প্রাণি সম্পদ বিভাগঃ

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি তার দপ্তর সম্পর্কে নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

| গবাদিপশুর টিকা প্রয়োগ | গবাদিপশুর রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা | হাঁস মুরগির টিকা প্রয়োগ | হাঁস-মুরগির রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা |
|---|---|---|---|
| তড়কা টিকা = ১৯০০ মাত্রা | ১,০৯০ টি গবাদিপশু ও অন্যান্য পোষা প্রাণির। | রানীক্ষেত টিকা = ২৬০০০ মাত্রা | ১০,২১৫ টি হাঁস মুরগির চিকিৎসা সেবা। |
| বাদলা টিকা = ৩৮০ মাত্রা | | বাচ্চা রানীক্ষেত টিকা = ১৩০০০ মাত্রা | |
| ক্ষুরারোগ টিকা = ৫৬০ মাত্রা | | ডাকপ্লেগ টিকা = ১৩০০০ মাত্রা হাঁস | |
| পিপিআর টিকা = ০ মাত্রা | | ফাউল পক্স টিকা = ৪০০০ মাত্রা | |
| গোটপক্স = ১৩০০ মাত্রা | | ডাক কলেরা টিকা = ৭৬০০ মাত্রা | |
| গলাফুলা = ৬০০ মাত্রা | | গামবোরো টিকা = ৪০০০ মাত্রা | |
| জলাতংক হেপ = ০ মাত্রা | | সালমোনেলা = ১২০০ মাত্রা | |
| | | পিজিয়ন পক্স = ০০ মাত্রা | |

তিনি আরো জানান ৩৫০ টি গাভী/বকনায় কৃত্রিম প্রজনন করা হয়েছে। সরকারি ও এনজিও উদ্যোগে প্রশিক্ষণ কার্যক্রম চলছে। টিকা ও কৃত্রিম প্রজনন ফি বাবদ ননট্যাক্স রেভিনিউ আদায় হয়েছে = ৬৭,৫৯৫/- (সাতষট্টি হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা মাত্র যা রাষ্ট্রীয় কোষাগারের সংশ্লিষ্ট কোডে জমা প্রদান করা হয়েছে। তিনি বলেন বিশ্ব এন্টিমাইক্রোবিয়াল রেজিষ্টেন্স সচেতনতা সপ্তাহ (১৮-২৪ নভেম্বর), ২০২৩ প্রতিপাদ্য: সবাই মিলে এন্টিমাইক্রোবিয়াল রেজিষ্টেন্স প্রতিরোধ করি। আমরা যত্রতত্র নিজেদের ইচ্ছামত এন্টিবায়োটিক ব্যবহার না করি। এন্টিবায়োটিক ব্যবহারে রেজিস্টার্ড ডাক্তারের প্রেসক্রিপশন অনুযায়ী সঠিক নিয়ম অনুসরণ করি। সবাই মিলে সুস্থ থাকি। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম বাস্তবায়নে সভায় উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। এ দপ্তর সংক্রান্ত সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: ১) সকল কার্যক্রম বাস্তবায়নে সরকারি নীতিমালা অনুসরণ করতে হবে।
২) মাঠ পর্যায়ে বিভিন্ন কার্যক্রম তদারকি বাড়াতে হবে।
৩) ইচ্ছামত এন্টিবায়োটিক ব্যবহার না করার বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।

## ০৪) উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ:

উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি সভায় তার দপ্তর সম্পর্কিত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

তিনি জানান ফুলছড়ি উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ের অধীন সক্ষম দম্পতি রয়েছে = ৩৭,৪১৫, সি এ আর = ৮০.৯২%। ০৪টি UN & FWC এর মধ্যে উড়িয়া এবং এরেন্ডাবাড়ীতে নরমাল ডেলিভারী কার্যক্রম চলমান রয়েছে। গজারিয়া, ফুলছড়ি এবং ফজলুপুর UN & FWC না থাকায় সেখানে মাসে ০২(দুই) দিন পরিবার কল্যাণ পরিদর্শিকা সেবা প্রদান করছেন। অক্টোবর, ২৩ মাসে মোট ২৪টি নরমাল ডেলিভারী সম্পন্ন হয়েছে। এ উপজেলায় মোট ১৬টি স্যাটেলাইট কার্যক্রম সংগঠিত হয়েছে। আশ্রয়ণ প্রকল্পে ৬৬৯ টি হাউজে ৩৬১ জন দম্পতির মধ্যে স্যাটেলাইটের মাধ্যমে পরিবার পরিকল্পনা পদ্ধতির কার্যক্রম চালু করা হয়েছে।

এ দপ্তরের বিষয়ে সভায় বিশদ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

সিদ্ধান্ত: ০১) নরমাল ডেলিভারী বাড়ানোর বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে।
০২) গজারিয়া, ফুলছড়ি এবং ফজলুপুর ইউনিয়নে UN & FWC স্থাপনের কার্যক্রম গ্রহণ করতে হবে।
০৩) স্যাটেলাইটের মাধ্যমে পরিবার পরিকল্পনা পদ্ধতির কার্যক্রম আরো বাড়াতে হবে।
০৪) সকল কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করতে হবে।

## ০৫) উপজেলা মৎস্য দপ্তর:

উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলছড়ি, গাইবান্ধা সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তর সম্পর্কিত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

তিনি বলেন চলতি মাসে ২০ জন মৎস্য চাষীকে পরামর্শ প্রদান করা হয়েছে। নিয়মিত মৎস্য চাষীদের পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান করা হয়। মৎস্য সংরক্ষণ আইন বাস্তবায়নে জাটকা নিধন প্রতিরোধ কার্যক্রম অভিযানের অংশ হিসেবে ৪টি হাট-বাজার ও মাছঘাট পরিদর্শন এবং ২টি অভিযান পরিচালনা করে ৫,০০০ মিটার কারেন্ট জাল জব্দ ও ধ্বংস করা হয়েছে। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম বাস্তবায়নে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত: (১) নীতিমালা অনুসারে সকল কাজ বাস্তবায়নের জন্য বলা হলো।
(২) মা-ইলিশ রক্ষায় নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।
(৩) নিয়মিত মৎস্য চাষীকে পরাপ্রদান করতে হবে।
(৪) মা-ইলিশ আহরন বন্ধের সময় মৎস্য চাষীকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(৫) জাটকা নিধন প্রতিরোধে অভিযান বাড়াতে হবে।

## ০৬) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ (দূর্যোগ ব্যবস্থাপনা বিভাগ) ঃ

উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার সভায় জানান তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান ২০২৩-২৪ অর্থবছরে বিভিন্ন কার্যক্রম সাধারণ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। টি.আর কাবিখা বিশেষ ১ম ও ২য় পর্যায়ের কাজ চলমান রয়েছে। বিশেষ ১ম পর্যায় ৫১টি প্রকল্প এবং বিশেষ ২য় পর্যায় ১৭টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। টি.আর কাবিখা সাধারণের ৯০টি প্রকল্পের কাজ চলমান রয়েছে। টি.আর/কাবিখা সাধারণ ও বিশেষ-এর মধ্যে গ্রামীণ রাস্তাঘাট, মসজিদ, মন্দির, স্কুল, কবরস্থান ইত্যাদির উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এ কার্যালয়ের প্রকৌশলীও পি.আই.ও কার্যক্রম নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। অতিদরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচীর কার্যক্রম চলমান রয়েছে। গত ১১/১১/২০২৩ তারিখ হতে ৬৬টি প্রকল্পে ১৬২৭

জন শ্রমিক নিয়োজিত আছে। ২টি ব্রীজের লটারীর মাধ্যমে ঠিকাদার নির্বাচিত করা হয়েছে। শ্রীঘ্রই প্রকল্পেসমূহের কাজ শুরু হবে। এ দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

এ দপ্তরের কার্যক্রম সংক্রান্ত সভায় বিশদ আলোচনা করা হয়। বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) সভায় সরকারি নির্দেশনা অনুযায়ী ২০২৩-২৪ অর্থ বছরে প্রাপ্ত গ্রামীন অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) এবং গ্রামীন অবকাঠামো সংস্কার (কাবিখা)/কাবিটা, বিশেষ টিআর কাবিটা/কাবিখা এবং সাধারণ টি.আর/কাবিটা-এর কার্যক্রম বিধিমোতাবেক বাস্তবায়নের জন্য বলা হলো।

(২) বন্যা/প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় সময়ে সময়ে জারীকৃত পুর্বাভাস অনুযায়ী সরকারি নির্দেশনামত সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ এবং পরিস্থিতি মোকাবেলায় সর্বাত্বক সহযোগিতা করার জন্য সকলের প্রতি সভায় অনুরোধ করা হয়।

(৩) উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন/বাস্তবায়িত রাস্তাসমূহের কাজের জামানত/বিল পরিশোধে বিধিমোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বলা হলো।

(৪) প্রকল্পের কাজের বিপরীতে জামানতের অর্থ বিধি মোতাবেক প

## ০৭) উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ ঃ

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রতিনিধি সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে চলছে। শিক্ষা প্রতিষ্ঠানের কার্যক্রম নিয়মিত পরিদর্শন করা হচ্ছে। ৬ষ্ঠ ও ৭ম শ্রেণির বিষয় ভিত্তিক বার্ষিক সামষ্টিক মূল্যায়ন কার্যক্রম এবং ৮ম ও ৯ম শ্রেণির বার্ষিক পরীক্ষা চলমান আছে যা আগামী ৩০/১১/২০২৩ খ্রি. পর্যন্ত চলবে। তিনি জানান ২০২৪ সালের বিনামূল্যে বিতরণের জন্য ৬ষ্ঠ শ্রেণির ২০,২০০টি ৭ম শ্রেণির ২৫,০০০ টি, দাখিল ৭ম শ্রেণির ৩,৫০০টি ও ইবতেদায়ী স্তরের ১৬,৬০০টি বই পাওয়া গিয়েছে। তিনি তার দপ্তরের কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।

সিদ্ধান্ত:
০১) মানসম্মত শিক্ষা কার্যক্রম তরান্বিত করার লক্ষ্যে নিয়মিত পরিদর্শন কার্যক্রম বাড়াতে হবে।
০২) সভায় যথাসময়ে দপ্তর প্রধানকে উপস্থিত থাকতে হবে।
০৩) সকল কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়ন করতে হবে।
০৪) নতুন বছরে বিনামূল্যে বই বিতরণে জনপ্রতিনিধিদের সংযুক্ত করতে হবে।

## ০৮) উপজেলা সমাজসেবা বিভাগ ঃ

উপজেলা সমাজসেবা অফিসারের প্রতিনিধি সভায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। তিনি এ দপ্তর সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

ভাতা কর্মসূচী:

| | | |
|---|---|---|
| ১) বয়স্ক ভাতা ভোগী | = | ৮,৬৯২ জন |
| ২) বিধবা ভাতা ভোগী | = | ৫,৫০০ জন |
| ৩) প্রতিবন্ধী ভাতা ভোগী | = | ২,৮৭৪ জন |
| ৪) অনগ্রসর জনগোষ্ঠীর বিশেষ ভাতা | = | ৬৫ জন |
| ৫) প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি | = | ৪০ জন |
| ৬) অনগ্রসর শিক্ষা উপবৃত্তি | = | ২২ জন |
| সর্বমোট | = | ১৭,১৯৩ জন |

২০২৩-২৪ অর্থবছরে ভাতা ভোগীদের পে-রোল প্রদানের জন্য ১৪,৩৪১ জন ভাতা ভোগীর লাইভ ভেরিফিকেশন সম্পন্ন করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে জুলাই-২৩ পর্যন্ত ১৪,৩৪১ জন ভাতাভোগীকে ১ম কিস্তির ভাতার অর্থ প্রদান করা হয়েছে। অবশিষ্ট ২,৮৫২ জন ভাতাভোগীর লাইভ ভেরিফিকেশন এর কাজ চলছে যা ৩০ নভেম্বর-২০২৩ খ্রিস্টাব্দের মধ্যে শেষ হবে। তিনি আরো জানান ২০২৩-২৪ অর্থবছরে ১ম ও ২য় কিস্তির ক্যানসার, কিডনী, লিভার সিরোসিস, স্টোকে প্যারালাইসিস, জন্মগত হৃদরোগ, থ্যালাসেমিয়া ০৬ রোগে আক্রান্ত ব্যক্তিদের মোট ৫৪টি চিকিৎসার আবেদন পাওয়া গিয়েছে। যা জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরে স্বেচ্ছাসেবী সংস্থার অনুকূলে অনুদান প্রাপ্তির জন্য ০৯টি স্বেচ্ছাসেবী সংস্থা এবং ১টি রোগী কল্যাণ সমিতির আবেদন পাওয়া গিয়েছে।

**সিদ্ধান্ত:** (১) সভায় বিশদ আলোচনান্তে ভাতাভোগীদের লাইফ-ভেরিফিকেশনের ক্ষেত্রে যতটা সম্ভব প্রত্যেক ইউনিয়নের সুবিধাজনকস্থানে কার্যক্রম সম্পন্ন করার জন্য উপজেলা সমাজসেবা অফিসারকে পরামর্শ প্রদান করা হয় এবং সকল ইউপি চেয়ারম্যানকে এ বিষয়ে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বলা হলো।

(২) সভায় বিধি অনুযায়ী বিধবা, বয়স্ক ও প্রতিবন্ধী ভাতাভোগীদের মাঝে যথাযথভাবে ভাতা প্রদানের বিষয়টি নিশ্চিত করার জন্য বলা হলো।

(৩) প্রতিবন্ধী ভাতা প্রাপ্তির অনলাইন আবেদনের বিষয়টি সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যনসহ সংশ্লিষ্ট সকলকে নিজ নিজ এলাকায় প্রচার-প্রচারনা করতে হবে।

(৪) অনুদান প্রাপ্তির জন্য স্বেচ্ছাসেবী সংস্থা এবং রোগী কল্যাণ সমিতির বিস্তারিত উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভায় উপস্থাপন করতে হবে।

## ০৯) উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য )ঃ

উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে মর্মে জানান। তিনি তার দপ্তরের কার্যক্রম সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

| ক্র.নং | প্রকল্পের নাম | কাজের ধরণ | চলতি অর্থ বছরে বরাদ্দের সংখ্যা | প্রকল্প শুর হতে এখন পর্যন্ত শেষ | চলমান |
|---|---|---|---|---|---|
| ০১ | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ | নলকুপ | ১৮২ | ৭২৮ | ১৮২ |
| ০২ | সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ | কমিউনিটি বেজড | ১৮ | ০৯ | ০৯ |
| ০৩ | মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ | কমিউনিটি বেজড | ৩৮ | - | ৩৮ |
| ০৪ | মানব সম্পদ প্রকল্প এর আওতায় পাবলিক টয়লেট নির্মান | পাবলিক টয়লেট | ০ | ৪ | ০ |
| ০৫ | মুজিববর্ষ উপলক্ষ্যে গৃহহীন ও ভূমিহীনদের জন্য নির্মিত ঘরে ৬ নং পাম্পযুক্ত অগভীর নলকুপ স্থাপন | নলকুপ | ০ | ১৯৮ | ৪৩ |
| ০৬ | GPS প্রকল্পের আওতায় প্রাথমিক বিদ্যালয়ে TSP | হাত ধোয়ার বেসিন | ০ | ২০ | ০ |
| ০৭ | PEDP-4 প্রকল্পের আওতায় যে সকল বিদ্যালয়ে TSP | হাত ধোয়ার বেসিন | ০ | ১০ | ০ |
| ০৮ | সরকারি প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (NNGPS) | ওয়াসব্লক | ০ | ২ | ০ |
| ০৯ | প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (PEDP-4) | ওয়াসব্লক | ০ | ২০ | ২০ |
| ১০ | প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (PEDP-3) | ওয়াসব্লক | ০ | ১৩ | ০ |
| ১১ | প্রাথমিক বিদ্যালয় উন্নয়ন প্রকল্প (GPS) | ওয়াসব্লক | ০ | ৪ | ০ |

চলমানপাতা-০৪

সিদ্ধান্তঃ সভায় বিশদ আলোচনান্তে সরকারি বরাদ্দসমূহের বিভাজন/বন্টন সরকারি নীতিমালা/নির্দেশনা অনুযায়ী এবং জনস্বার্থ বিবেচনা করে করার জন্য উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কে সভায় অনুরোধ করা হয়। এছাড়াও মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারীদের কাজ নিয়মিত মনিটরিং করার জন্য তাকে অনুরোধ করা হয়।

## ১০) উপজেলা পল্লী উন্নয়ন বিভাগঃ

উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে পরিচালিত হচ্ছে। তিনি তার দপ্তর সম্পর্কিত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

| উপজেলার নাম | কর্মসূচির নাম | জনবল | দল গঠন | | | সদস্য সংখ্যা | | | শেয়ার | | | সঞ্চয় | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | মাসে | বছরে | ক্রমঃ | মাসে | বছরে | ক্রমঃ | মাসে | বছরে | ক্রমঃ | মাসে | বছরে | ক্রমঃ |
| ফুলছড়ি | কেএসএস | ০২ | ০ | ০ | ১০১ | ০ | ০ | ৩১১৩ | ০ | ০ | ১০.৫৪ | ০ | ০.০৩ | ৭.০৬ |
| | এমবিএসএস | ০ | ০ | ০ | ১১ | ০ | ০ | ২৫০ | ০ | ০ | ০.১৫ | ০ | ০ | ০.১৫ |
| | সদাবিক | ০১ | ০ | ০ | ৩৬ | ০ | ০ | ৯১৮ | ০ | ০ | ০ | ০ | ০ | ৫.৮১ |
| | পল্লী প্রগতি | ০ | ০ | ০ | ১৯ | ০ | ০ | ৪৭৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ১.২৯ |
| | আদর্শগ্রাম | ০ | ০ | ০ | ০৭ | ০ | ০ | ১৮০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.২২ |
| | অস্বঃমুক্তিযোদ্ধা | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ৯৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | গুচ্ছগ্রাম | ০ | ০ | ০ | ০২ | ০ | ০ | ৮০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০.১৭ |
| | গাইবান্ধা প্রকল্প | ০৩ | ০ | ০ | ৭৩ | ০ | ০ | ২৫৩৭ | ০ | ০ | ০ | ০.৫৭ | ১.৪৩ | ৪৫.৬১ |
| | উদকনিক | ০১ | ০ | | ২৭ | ০ | | ৩৮৯ | ০ | ০ | ০ | ০ | ০.০৭ | ৪.৯৩ |
| | পদাবিক | ০২ | ০ | ০ | ১১৩ | ০ | ০ | ১৭১০ | ০ | ০ | ০ | ০ | ০ | ২১.১৫ |
| সর্বমোট = | | ০৯ | ০ | ০ | ৩৮৯ | ০ | ০ | ৯৭৪৯ | ০ | ০ | ১০.৬৯ | ০.৫৭ | ১.৫৩ | ৮৫.৭০ |

| উপজেলার নাম | কর্মসূচির নাম | ঋণ তহবিল | | | ঋণ বিতরণ | | | ঋণ আদায় | | | বকেয়া | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | মূল | প্রবৃদ্ধি | মোট | মাসে | বছরে | ক্রমঃ | মাসে | বছরে | ক্রমঃ | আদায় যোগ্য হয় নাই | কিস্তি খেলাপী | মেয়াদো ত্তীর্ণ | সর্বমোট |
| ফুলছড়ি | ফসলী | ৯৬.৯৬ | ০ | ৯৬.৯৬ | ০ | ০ | ৯৬.৯৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| | মেয়াদী | ১২২.৬৭ | ০ | ১২২.৬৭ | ০ | ০ | ১২২.৬৭ | ০ | ০ | ৮০.৭২ | ০ | ০ | ৪১.৯৫ | ৪১.৯৫ |
| | আবর্তক | ১৮.০০ | ০.৯৮ | ১৮.৯৮ | ০ | ০ | ৪৫.৩৪ | ০.০৫ | ০.২০ | ২৪.৯৫ | ১.৭৪ | ০ | ১৮.৬৫ | ২০.৩৯ |
| | সদাবিক | ৩২.০০ | ২.৫২ | ৩৪.৫২ | ০ | ০ | ১১০.২৫ | ০ | ০ | ৭৩.৩৭ | ০ | ০ | ৩৬.৮৮ | ৩৬.৮৮ |
| | পল্লী প্রগতি | ১৪.০০ | ০.০৯ | ১৪.০৯ | ০ | ০ | ১৩.০৬ | ০ | ০ | ২.৫২ | ০ | ০ | ১০.৫৪ | ১০.৫৪ |
| | আদর্শগ্রাম | ১৩.৬০ | ০.২৬ | ১৩.৮৬ | ০ | ০ | ২৪.৯২ | ০ | ০ | ১২.৩২ | ০ | ০ | ১২.৬০ | ১২.৬০ |
| | অস্বঃ মুক্তিযোদ্ধা | ৫.৪০ | ০.৩৫ | ৫.৭৫ | ০ | ০ | ৯.০৪ | ০ | ০ | ৩.৫০ | ০ | ০ | ৫.৫৪ | ৫.৫৪ |
| | গুচ্ছগ্রাম | ২৩.৫০ | ০ | ২৩.৫০ | ০ | ০ | ১.৮৯ | ০ | ০ | ০.০২ | ০ | ০ | ১.৮৭ | ১.৮৭ |
| | গাইবান্ধা প্রকল্প | ৩৬০.২১ | ০ | ৩৬০.২১ | ১৫.৭২ | ২৭.৭০ | ৫৯২.৫৩ | ১০.১৯ | ২৬.৬২ | ৩৮৬.৩৩ | ৮১.৮৪ | ৯৫.৮৬ | ২৮.৫০ | ২০৬.২০ |
| | উদকনিক | ৪৩.৫০ | ০ | ৪৩.৫০ | ০ | ৭.৭৮ | ১২৩.৬৩ | ০.৩০ | ১০.৫২ | ৮৪.৫৯ | ২০.৩০ | ৮.৪৬ | ১০.২৮ | ৩৯.০৪ |
| | পদ্মানিক | ৮৯.২৭ | ২৪.৫০ | ১১৩.৭৭ | ০ | ০ | ৭২১.৪৮ | ০ | ৩.৫৬ | ৬৩৫.২৬ | ০ | ০ | ৮৬.২২ | ৮৬.২২ |
| সর্বমোট = | | ৮০৫.১১ | ২৮.৫০ | ৯৩৩.৬১ | ১৫.৭২ | ৩৫.৪৮ | ১৭৬৭.২৭ | ১৬.০৪ | ৪০.৮৫ | ১৩০১.৪ | ১০৩.৮৮ | ১০৪.৩২ | ২৬৭.১২ | ৪৭৫.৩২ |

সিদ্ধান্তঃ (১) ঋণ প্রদান এবং আদায়ের ক্ষেত্রে সকল প্রকার অর্থনৈতিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।
(২) খেলাপী ঋণ আদায়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
(৩) খেলাপী ঋণের বিষয়ে উদ্বর্তন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক কাজ করতে হবে।

## ১১) উপজেলা যুব উন্নয়ন বিভাগঃ

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি তার দপ্তর সম্পর্কিত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

**১) যুব ঋণের বরাদ্দ:**

| ক্র/নং | বিবরণী | চলতি মাস | চলতি বছর | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|---|
| ০১. | আত্মকর্মসংস্থান কর্মসূচী | ০০ | ০০ | ২৫,৩৮,৮০০ |
| ০২. | পরিবার | ০০ | ০০ | ১,৫০,০০০০ |
| ০৩. | উত্তরবঙ্গ | ০০ | ০০ | ১,১৯,১২,৬২৯ |
| | | | সর্বমোট = | ১,৫৯,৫১,৪২৯/- |

**২) যুব ঋণ বিতরণ:**

| ক্র/নং | বিবরনী | চলতি মাস | | | | চলতি বছর | | | | ক্রমপুঞ্জিত | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | টাকার পরিমান | পুরুষ | মহিলা | মোট | টাকার পরিমান | পুরুষ | মহিলা | মোট | টাকার পরিমান | পুরুষ | মহিলা | মোট |
| ০১. | আত্মকর্মসংস্থান কর্মসূচী | ০০ | ০ | ০ | ০ | ৬,৬৫,০০০ | ১০ | ০৩ | ১৩ | ১৪৫৭৯০০০ | ৭৬২ | ৫৩৩ | ১২৯৫ |
| ০২. | পরিবার | ৪৮০০০০ | ১৫ | ২৫ | ৪০ | ৪৮০০০০ | ১৫ | ২৫ | ৪০ | ২৫১২০০০ | ৭৮ | ১১৫ | ১৯৩ |
| ০৩. | উত্তরবঙ্গ প্রকল্প | ০০ | ০ | ০ | ০ | ০০০০ | ০০ | ০০ | ০০ | ৯৩৪০০০০ | ১৭৬ | ১৮১ | ৩৫৭ |
| সর্বমোট = | | ৪৮০০০০ | ১৫ | ২৫ | ৪০ | ৬,৬৫,০০০ | ২৫ | ২৮ | ৫৩ | ২৬৪৩১০০০ | ১০১৬ | ৮২৯ | ১৮৪৫ |

**৩) যুব ঋণ আদায়যোগ্য:**

| ক্র/নং | বিবরণী | চলতি মাস | চলতি বছর | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|---|
| ০১. | আত্মকর্মসংস্থান কর্মসূচী | ৭৭৩৪২ | ২৮০৪২৮ | ১৩২৮৪৪৬২ |
| ০২. | পরিবার | ৪৮০০০ | ১৩৪৪০০ | ১৯৯৩৬০০ |
| ০৩. | উত্তরবঙ্গ | ০০০ | ০০০ | ৯৩৪০০০০ |
| | সর্বমোট = | ১২৫৩৪২ | ৪১৪৮২৮ | ২৪৬১৮০৬২ |

**৪) যুব ঋণ আদায়কৃত:**

| ক্র/নং | বিবরণী | চলতি মাস | চলতি বছর | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|---|
| ০১. | আত্মকর্মসংস্থান কর্মসূচী | ৭৮৪৭৬ | ৩৪৫৯৩২ | ১০২৩৭৫৭৪ |
| ০২. | পরিবার | ২৮৮০০ | ১৪৪০০০ | ১৯৬৪৮০০ |
| ০৩. | উত্তরবঙ্গ | ১১৩০০ | ৪৯২০০ | ৪৬২৮৭৮২ |
| | সর্বমোট = | ১১৮৫৭৬ | ৫৩৯১৩২ | ১৬৮৩১১৫৬ |

**৫) যুব ঋণ খেলাপী:**

| ক্র/নং | বিবরণী | চলতি মাস | চলতি বছর | ক্রমপুঞ্জিত |
|---|---|---|---|---|
| ০১. | আত্মকর্মসংস্থান কর্মসূচী | ০০ | ০০ | ৩০৩৭৭২২ |
| ০২. | পরিবার | ০০ | ০০ | ০ |
| ০৩. | উত্তরবঙ্গ | ০০ | ০০ | ৪৭১১২১৮ |
| | সর্বমোট = | ০০ | ০০ | ৭৭৪৮৯৪০ |

**৬) প্রশিক্ষণ সংক্রান্ত:**

| ক্র/নং | চলতি মাস | | | চলতি বছর | | | ক্রমপুঞ্জিত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ০১. | ১২ | ৪৮ | ৬০ | ২৮ | ৬২ | ৯০ | ১৮৪৯ | ৪৬৪৫ | ৬৪৯৪ |

**০৭) আত্মকর্ম সংস্থান:**

| ক্র/নং | চলতি মাস | | | চলতি বছর | | | ক্রমপুঞ্জিত | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট | পুরুষ | মহিলা | মোট |
| ০১. | ০২ | ০২ | ০৪ | ১২ | ১১ | ২৩ | ৯৭২ | ১২৪৬ | ২২১৮ |

**০৮) যুব কল্যাণ তহবিল হতে অনুদান সংক্রান্ত:**

| ক্র/নং | চলতি মাস | | চলতি বছর | | ক্রমপুঞ্জিত | |
|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | টাকার পরিমান | সংখ্যা | টাকার পরিমান | সংখ্যা | ক্রমপুঞ্জিত |
| ০১. | ০০ | ০০ | ০১ | ৪০০০০ | ৭০ | ৪৫০০০০ |

এছাড়াও তালিকাভুক্ত যুব সংগঠনের সংখ্যা ৩৪(চৌত্রিশ) টি। যুব সংগঠন রেজিস্ট্রেশন সংখ্যা ১১(এগারো)টি।

এ দপ্তরের বিষয়ে সভায় বিশদ আলোচনান্তে নিম্নরুক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

সিদ্ধান্ত: ০১) সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য বলা হলো।

০২) ঋন আদায়ে তৎপর হতে হবে।

## ১২) উপজেলা পরিসংখ্যান বিভাগ:

সভায় উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা জানান তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ২০২২ সালে অনুষ্ঠিত জনশুমারি ও গৃহগণনা এর রিপোর্ট অদ্যাবধি প্রকাশিত হয় নাই। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যাবলি স্বাভাবিকভাবে চলমান রয়েছে।

সিদ্ধান্ত: পরবর্তী সভায় তার দপ্তরের তথ্য সম্বলিত কার্যপত্রসহ সভায় উপস্থিত থাকার জন্য বলা হলো।

## ১৩) উপজেলা সমবায় বিভাগ:

উপজেলা সমবায় বিভাগ হতে কার্যপত্র পাওয়া যায় নাই:

সিদ্ধান্ত: ১) পরবর্তী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য বলা হলো।

## ১৪) উপজেলা মহিলা বিষয়ক দপ্তরঃ

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার দপ্তর সম্পর্কিত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেণ:

তিনি জানান মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় এ উপজেলার ০৭টি ইউনিয়নে ০৬ জন করে ভাতাভোগীর বরাদ্দ আছে। তার মধ্যে ০৬টি ইউনিয়ন কঞ্চিপাড়া, উড়িয়া, এরেন্ডাবাড়ী, গজারিয়া, ফুলছড়ি এবং ফজলুপুর ইউনিয়ন হতে তালিকা পাওয়া গিয়েছে। উদাখালী ইউনিয়ন পরিষদ হতে কোন তালিকা পাওয়া যায় নাই। তিনি এ বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ও উপজেলা নির্বাহী অফিসারের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি জানান অক্টোবর-২৩ হতে ডিসেম্বর-২৩ পর্যন্ত WTC প্রশিক্ষণে ৩০ জন প্রশিক্ষণার্থী প্রশিক্ষণ কাজে নিয়োজিত আছে। VWB (Vulnerable Womane Benifit) কর্মসূচির আওতায় ২৮৯১ জন উপকারভোগীর ০৭টি ইউনিয়নে প্রতিমাসে ৩০ কেজি করে চাল বিতরণ করা হচ্ছে। চলতি মাসে কঞ্চিপাড়া, উড়িয়া, ফজলুপুর, ফুলছড়ি মোট ৪টি ইউনিয়নে চাল বিতরণ হয়েছে তবে উদাখালী, গজারিয়া ও এরেন্ডাবাড়ী ইউনিয়নে বিতরণ হয় নাই। এ দপ্তরের কার্যক্রম সংক্রান্ত সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত: (১) সকল কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের জন্য বলা হলো।

(২) মা ও শিশু সহায়তা কর্মসূচির আওতায় উদাখালী ইউনিয়ন পরিষদ হতে তালিকা প্রেরণের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং উর্দ্বতন কর্তৃপক্ষকে জানাতে হবে।

(৩) যেসকল ইউনিয়নে VWB এর চাল বিতরণ করা হয় নাই সেসকল ইউনিয়নে চাল বিতরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## ১৫) উপজেলা আনসার ও ভিডিপি বিভাগঃ

উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জানান আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ভোট কেন্দ্রে আইন শৃঙ্খলা রক্ষায় আনসার সদস্য মোতায়েনের জন্য প্রস্তুত রয়েছে। হরতাল অবরোধে বালাশীঘাটে আনসার সদস্য মোতায়েন রয়েছে। ভোট কেন্দ্রে মোতায়েনকৃত পিসি/এপিসিদের সতেজকরণ প্রশিক্ষণ কর্মসূচি চলমান রয়েছে এছাড়াও বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।

সিদ্ধান্ত: (১) আসন্ন দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে আনসার সদস্য নিয়োগের জন্য আনাসার সদস্যদের যথাযথ প্রশিক্ষণ প্রদান করতে হবে।

(২) নির্বাচন উপলক্ষ্যে আগত আনসার সদস্য বিশেষ করে মহিলা আনসার সদস্যদের থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

## ১৬) উপজেলা তথ্য, যোগাযোগ ও প্রযুক্তি বিভাগ (আইসিটি)ঃ

সহকারী প্রোগ্রামার, ফুলছড়ি, গাইবান্ধা সভায় জানান ফুলছড়ি উপজেলায় বিসিসি এর ইনফো সরকার-২ প্রকল্প থেকে প্রাপ্ত ব্রডব্যান্ড ইন্টারনেট সংযোগকৃত ২৭টি দপ্তরে ইন্টারনেট সেবা নিরবিচ্ছিন্ন করার জন্য প্রতিনিয়ত প্রত্যেক দপ্তরের রাউটার পরিক্ষা করা হচ্ছে। কোন দপ্তরের রাউটারে কোন প্রকার সমস্যা দেখা দিলে সহকারী প্রোগ্রাম, ফুলছড়ি, গাইবান্ধার সাথে যোগাযোগের জন্য অনুরোধ করেন। তিনি বলেন তথ্যও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর বাস্তবায়নাধীন "ডিজিটাল সংযোগ স্থাপন"প্রকল্পের আওতায় সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে শেখ রাসেল ডিজিটাল ল্যাবস্থাপনের নিমিত্তে ফুলছড়ি উপজেলায় ১৪টি শিক্ষা প্রতিষ্ঠান প্রাথমিকভাবে মনোনিত হয়েছে। উক্ত শিক্ষাপ্রতিষ্ঠানগুলো যাচাইবাছাই করে চুড়ান্ত প্রতিবেদন সফটওয়্যারের মাধ্যমে প্রেরণ করা হয়েছে। ফুলছড়ি উপজেলায় বর্তমান সময় পর্যন্ত ৩৩টি দপ্তরের ওয়েবপোর্টাল চালু আছে। উক্ত তালিকার বাইরের কোন দপ্তর (যদি থেকে থাকে) ওয়েবপোর্টাল লিংক পেতে চাইলে সহকারী প্রোগ্রামার, ফুলছড়ি, গাইবান্ধার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। উপজেলা পর্যায়ে প্রত্যেক দপ্তরে ডিজিটাল নথি (ডি- নথি) কার্যক্রম চালুকরণ ও ত্বরান্বিত করার জন্য আইসিটি দপ্তর থেকে নিয়মিতভাবে ডি-

নথি বিষয়ক ঘরোয়া প্রশিক্ষণ কার্যক্রম চালু রয়েছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় যাবতীয় ত্রাণ বিতরণ (ভিজিডি, ভিজিএফ, জিআর, টিসিবি ইত্যাদি) স্বচ্ছ ও দুর্নীতিমুক্তকরার লক্ষ্যে ডাটাবেজ তৈরি করা, তৈরিকৃত মাস্টাররোলে তথ্যের দ্বৈততা পরিহার ও ভুল নিরসনে চাহিদামাফিক প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা প্রদান কার্যক্রম চলমান রয়েছে। আইবাস++, ই রিটার্ন, ই ট্যাক্স, ই-টিন, সুরক্ষা এপসসহ বিভিন্ন ই-সেবা গ্রহণে যাবতীয় টেকনিক্যাল সহযোগিতা নিয়মিত প্রদানকরা হচ্ছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় বিভিন্ন সুবিধাভোগী ব্যক্তিদের মোবাইল নাম্বার পরিবর্তন করে, বিকাশ-নগদের পিন পরিবর্তন করে কুচক্রিমহল ভাতা উত্তোলন করার অপচেষ্টা করছে। সকল উপকারভোগীদের বিকাশ-নগদের পিন অন্য কাউকে না দেয়ার অনুরোধ করেন। আইসিটি অধিদপ্তরের কর্মকর্তার পরিচয় দিয়ে বিভিন্ন কুচক্রিমহল প্রশিক্ষণ, ভাতা প্রাপ্যতার প্রলোভন দেখিয়ে শিক্ষকসহ বিভিন্ন ব্যক্তির ব্যাংক একাউন্ট, ডেবিট-ক্রেডিট কার্ডের তথ্য চেয়ে বিভিন্ন প্রপাগান্ডা চালাচ্ছে। আইসিটি অধিদপ্তর থেকে এমন কোন কার্যক্রম চলমান নাই। এবিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেতন হওয়ার অনুরোধ করা করেন। তিনি তার এ উপজেলা সম্পর্কিত নিম্নরুপ তথ্য উপস্থাপন করেন:

| শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের নাম | পর্যায় | প্রাপ্ত সরঞ্জামাদি | মন্তব্য |
|---|---|---|---|
| কঞ্চিপাড়া নজরুল হক আদর্শ বালিকা উচ্চ বিদ্যালয় | ১ম (২০১৫-১৬) | ল্যাপটপ -১৭টি, প্রজেক্টর, প্রিন্টার,স্কানার,রাউটার একটি করে, চেয়ার ১৭টি, টেবিল ৯টি। | ৪টি ল্যাপটপ, প্রজেক্টর অচল। |
| উদাখালী বালিকা উচ্চ বিদ্যালয় | ১ম (২০১৫-১৬) | ল্যাপটপ -১৭টি, প্রজেক্টর, প্রিন্টার,স্কানার,রাউটার একটি করে, চেয়ার ১৭টি, টেবিল ৯টি। | ৬টি ল্যাপটপ চুরি হয়েছে, ৫টি ল্যাপটপ, প্রিন্টার, স্কানার, রাউটার অচল। |
| ছালুয়া ফজলে রাব্বী বালিকা উচ্চ বিদ্যালয় | ১ম (২০১৬-১৭) | ল্যাপটপ ১টি, ট্যাব ১টি, ডেস্কটপ কম্পিউটার ১০টি, ইউপিএস ১০টি, প্রজেক্টর ১টি,প্রিন্টার-১টি, স্কানার-১টি, ২০ জিবি ডাটাসহ রাউটার-১টি, চেয়ার ৩১টি, টেবিল ১১টি। | ১০টি কম্পিউটার, ১০টি ইউপিএস, বর্তমানে অচল। |
| ফুলছড়ি সিনিয়র আলিম মাদ্রাসা | ১ম (২০১৭-১৮) | ল্যাপটপ ১১টি, এলইডি(LED) টিভি ১টি, প্রিন্টার-১টি, স্কানার-১টি, ২০ জিবি ডাটাসহ রাউটার-১টি, চেয়ার ৩১টি, টেবিল ১১টি। | ৪টি ল্যাপটপ, রাউটার অচল। |
| জিগাবাড়ী উচ্চ বিদ্যালয় | ২য় (২০২২-২৩) | ল্যাপটপ ১৭টি, এলইডি(LED) স্মার্ট টিভি ১টি, প্রিন্টার-১টি, স্কানার-১টি, ২০ জিবি ডাটাসহ রাউটার-১টি ওয়েব ক্যামেরা ১টি, নেটওয়ার্ক সুইচ ১টি টিচার্স টেবিল-১টি,টিচার্স চেয়ার-১টি, স্টুডেন্টস টেবিল-১৬টি, স্টুডেন্টস চেয়ার ৩২টি, | অত্যাধুনিক সরঞ্জামাদি সজ্জিত ল্যাব। |

এ দপ্তর সংক্রান্ত সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) প্রতিটি দপ্তরে ডি নথি চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
(২) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাব নিয়মিত মনিটরিং করতে হবে।
(৩) বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের ল্যাবে ব্যবহৃত নষ্ট যন্ত্রপাতি স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানের অর্থায়নে মেরামতের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে।

**১৭) কালিরবাজার পল্লী বিদ্যুৎ সমিতি:**

এজিএম (ওএন্ডএম) সভায় জানান তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। তিনি জানান পশ্চিম ছালুয়া নামক স্থানে স্থাপিত ০১(এক)টি ১০/১৪ এমভিএ উপকেন্দ্রের মাধ্যমে ৭০টি গ্রামের ২২,৯৬০ জন গ্রাহকগণকে বিদ্যুৎ সেবা প্রদান করা হচ্ছে। আসন্ন দ্বাদশ নির্বাচনে নিরবচ্ছিন্নভাবে বিদ্যুৎ সেবা প্রদানের স্বার্থে সকল ফিডারের রাইট অফ ওয়ের কাজ করা হয়েছে। এছাড়াও ৩৩ কেভি ফিডারের রক্ষণাবেক্ষণ কাজ করা হয়েছে। অবরোধ, হরতালকালীন KPI ভুক্ত প্রতিষ্ঠান বিদ্যুৎ উপকেন্দ্রে কেউ যেনো নাশকতা বিশৃঙ্খলা না করে সেবিষয়ে উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মহোদয়ের নির্দেশনা মোতাবেক নিরাপত্তা জোরদার করা হয়েছে এবং সকলকে সতর্কতার সাথে ডিউটি পালন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় এ দপ্তর সংক্রান্ত বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য বলা হলো।

**১৮) উপজেলা নির্বাচন অফিসঃ**

সভার কার্যপত্র না পাওয়ায় এ দপ্তর সম্পর্কে বিশদ জানা যায় নাই।

সিদ্ধান্ত: পরবর্তী সভায় কার্যপত্রসহ যথাসময়ে উপস্থিত থাকার জন্য বলা হলো।

**১৯) উপজেলা পাট অধিদপ্তর:**

উপসহকারী পাট উন্নয়ন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের সকল কার্যক্রম চলমান রয়েছে। তিনি বলেন পন্যে পাটজাত মোড়কের বাধ্যতামূলক ব্যবহার আইন-২০১০ বাস্তবায়নের লক্ষ্যে তফসিল ভূক্ত পন্য মোড়কীকরণে পাটজাত মোড়কের ব্যবহার সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ চলমান রয়েছে।
সভায় এ দপ্তর সম্পর্কিত বিশদ আলোচনা করা হয়। আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহিত হয়:

সিদ্ধান্ত: (১) সকল কার্যক্রম নীতিমালা মোতাবেক বাস্তবায়নের জন্য বলা হলো।
(২) নিয়মিত মোবাইল কোর্টসহ পন্যে পাটজাত মোড়ক ও বস্তা ব্যবহার নিশ্চিত করতে তদারকি কার্যক্রম বাড়ানো জন্য বলা হলো।
(৩) পরবর্তী সভায় বিশদ তথ্য সম্বলিত কার্যপত্র জমা প্রদানের জন্য বলা হলো।

**২০) ফায়ার সার্ভিস এণ্ড সিভিল ডিফেন্স:**

এ দপ্তরের প্রতিনিধি সভায় জানান এ দপ্তরের কাজ স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান ২৩/১০/২৩ হতে ২৪/১১/২৩ পর্যন্ত এ উপজেলায় ২টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। এতে ১৫ হাজার টাকার মালামাল ক্ষতি সাধিত হয়েছে। উদ্ধার করা হয়েছে প্রায় ১,০০,০০০/- টাকার মালামাল। আহতের ঘটনা ঘটে নাই। কোন নিহতের ঘটনা নাই। তিনি এ দপ্তরের কার্যক্রম বাস্তবায়নের জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। এ দপ্তর সংক্রান্ত বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) সকল কার্যক্রম বিধি মোতাবেক বাস্তবায়নের জন্য বলা হলো।
(২) অগ্নিকান্ডের ঘটনা ঘটলে সাথে সাথে উপজেলা প্রশাসনকে অবহিত করার জন্য বলা হলো।

**২১) পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ):**

উপজেলা পল্লী দারিদ্র্য বিমোচন কর্মকর্তা সভায় জানান তার দপ্তরের আওতায় মোট সমিতি রয়েছে ৬৯টি, ক্ষুদ্র ঋনী সদস্য রয়েছে ১০১২ জন, নারী উদ্যোক্তা রয়েছে ১১৬ জন, ক্ষুদ্র নারী উদ্যোক্তা রয়েছে ১৪৮ জন। জুলাই-২৩ হতে অক্টোবর-২৩ পর্যন্ত ঋন বিতরণ করা হয়েছে ১১২.৫০ লক্ষ টাকা এবং একই সময়ে ঋন আদায় হয়েছে ১৪৪.৭০ লক্ষ টাকা। আদায়ের হার ৯৮%। তিনি জানান বর্তমানে এ দপ্তরের অধিনে কোন প্রশিক্ষণ কার্যক্রম চালু নাই। তিনি তার দপ্তরের সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন। এ দপ্তরের কার্যক্রম সংক্রান্ত সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) বিধি মোতাবেক উপযুক্ত ব্যক্তিকে ঋন প্রদান করতে হবে।
(২) ইউনিয়ন ভিত্তিক তথ্য উপস্থাপন করতে হবে।
(৩) বিভিন্ন ঋন প্রদানের সময় স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করতে হবে।

২২) **তথ্যসেবা কেন্দ্র:**

উপজেলা তথ্যসেবা কর্মকর্তা সভায় তার দপ্তর সম্পর্কে নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:

| সেবার ধরন | লক্ষ্যমাত্রা অর্জন | আলোচনা ও বিষয় |
|---|---|---|
| ডোর টু ডোর | ৮০০ জন | সর্বজনীন পেনশন স্কীম, নারীর ক্ষমতায়ন, জেন্ডার, মেডিকেল সেবা ও অন্যান্য সরকারি অফিসের সেবা সম্পর্কে তথ্য প্রদান। |
| তথ্য কেন্দ্র | ১০০ জন | মেডিকেল সেবা, সর্বজনীন পেনশন স্কীম, বিভিন্ন তথ্য প্রদান ও অনলাইন ভিত্তিক সেবা, নারী উদ্যোক্তা হিসেবে গড়ে ওঠার উৎসাহ প্রদান ও ই-কমার্স ব্যবসায়ের সামগ্রিক সহযোগিতা প্রদান করা হয়। |
| উঠান বৈঠক | ১০০ জন (২টি) | বিষয়: ১) তথ্যপ্রযুক্তি ও সর্বজনীন পেনশন স্কীম সম্পর্কিত। ২) বাল্য বিবাহ, নারী নির্যাতন ও ইভটিজিং সম্পর্কিত |

এ দপ্তর সংক্রান্ত সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) তথ্যের জন্য আসা জনগণকে সঠিক ও নিভূল তথ্য দিয়ে সহযোগিতা করতে হবে।

(২) সর্বজনীন পেনশন স্কীম সংক্রান্ত যেসকল কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার তথ্য পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

(৩) বিভিন্ন উঠান বৈঠকে স্থানীয় জনপ্রতিনিধি এবং সংশ্লিষ্ট দপ্তরের প্রধানকে সংযুক্ত রাখতে হবে।

০৩। **উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প বিষয়ক আলোচনা ও সিদ্ধান্ত:**

উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটর জানান যে, তার দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।

সিদ্ধান্ত: (১) প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে অর্থ ব্যয়ে সকল প্রকার অর্থনৈতিক বিধি অনুসরণ করতে হবে।

(২) প্রকল্পসমূহ বাস্তবায়নের লক্ষ্যে উপজেলা ডেভলপমেন্ট ফ্যাসিলিটেটরকে নিয়মিত তদারকি করতে হবে।

(৩) পরবর্তী সভায় প্রকল্পের কার্যক্রম সংক্রান্ত বিশদ তথ্য উপস্থাপনের জন্য বলা হলো।

০৪) **উপজেলা নির্বাহী অফিসার:**

উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা সভায় জানান উপজেলা পরিষদ ম্যানুয়াল মোতাবেক উপজেলা পরিষদের ১৭টি স্থায়ী কমিটির সভা যথা নিয়মে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান। তিনি জানান অক্টোবর-২০২৩ মাসে তার বাসার প্রাচীরের ২টি স্থানে অসৎ উদ্দেশ্যে কে বা কারা ভেঙ্গে ফেলার কারণে গত সভার সিদ্ধান্ত মোতাবেক সীমানা প্রাচীর উপর কাটাতার লাগানো হয়েছে। তিনি জানান গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন মেরামতের জন্য বরাদ্দ চেয়ে স্থানীয় সরকার শাখায় পত্র প্রেরণ করা হয়েছে। তিনি জানান গত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিষদসহ উপজেলা নির্বাহী অফিসারের বাসভবন সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। তিনি জানান ক্যামেরা ও সীমানা প্রাচীর এর উপর কাটাতার লাগানোর ব্যয় বাবদ বিল পরিশোধ করা প্রয়োজন। তিনি বিষয়ে সভায় উপস্থিত সকলের দৃষ্টি আকর্ষন করেন। এ বিষয়ে সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতি নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) প্রকল্পের মাধ্যমে সীমানা প্রাচীরের উপর কাটাতার লাগানো ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে নির্বাহের জন্য বলা হলো।

(২) উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের নিরাপত্তার স্বার্থে সিসি ক্যামেরা স্থাপনের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা, ২০২০ এর ৩নং অনুচ্ছেদের 'প' উপানুচ্ছেদ মোতাবে RFQ কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৫) **চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও সভাপতি, উপজেলা মাসিক সাধারণ সভা:**

সভাপতি প্রথমে উপজেলা মাসিক সাধারণ সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তার বক্তব্য প্রদান করেন। তিনি প্রথমেই উপজেলা হিসাবরক্ষণ অফিসে কর্মরত অডিটর জনাব মো: শফিকুর রহমান কর্তৃক সংঘটিত বিভিন্ন অনিয়মের বিষয়ে আলোকপাত করেন। তিনি জানান বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের পিআরএলরত শিক্ষকদের ল্যাম্পগ্রান্টসহ বিভিন্ন বিল প্রদানে উৎকোচ গ্রহণ করেন মর্মে জানান। উৎকোচ প্রদান অস্বীকৃতি জানালে শিক্ষকসহ বিভিন্ন দপ্তরের সরকারি কর্মকর্তা/কর্মচারীদের বিভিন্নভাবে হয়রানী করেন মর্মে বিভিন্ন দপ্তরসহ শিক্ষকরা তার নিকট অভিযোগ প্রদান করেন। শিক্ষকদের ল্যাম্পগ্রান্ট-এর বিল না পেয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদের নিকট কান্নাকাটি পর্যন্ত করেছেন মর্মে জানান। জনাব মো: শফিকুর রহমান-এর বিরুদ্ধে এ উপজেলার বিভিন্ন সময়ে একাধিক দপ্তর প্রধান ও কর্মচারীরা বিভিন্ন সময় উৎকোচ গ্রহণের বিষয়ে মৌখিক অভিযোগ করেন। এছাড়াও জনাব মো: শফিকুর রহমান-এর বিরুদ্ধে তার অফিসের অন্যান্য অফিস স্ট্যাফদের সাথে দুর্ব্যবহার করারও অভিযোগ রয়েছে। তিনি আরো জানান জনাব মো: শফিকুর রহমান অফিসে বসে অনৈতিক কার্যক্রম করেন। তিনি জনাব মো: শফিকুর রহমানকে এ উপজেলা হতে অন্যত্র বদলির জন্য তার উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবরে পত্র প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধাকে অনুরোধ করেন। তিনি আরো জানান তার কর্তৃক ব্যবহৃত জীপগাড়িটির ব্যবহার অনুপযোগী হওয়ায় জ্বালানী তেল মন্ত্রণালয় হতে প্রদান বন্ধ করা হয়েছে। উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হলে তিনি জ্বালানী তেলের মূল্য পরিশোধের জন্য সভায় অনুরোধ জানান। তিনি বিভিন্ন দপ্তর প্রধানগণকে বিধিমোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের পরামর্শ প্রদান করেন। সভায় বিশদ আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্ত: (১) উপজেলা হিসাবরক্ষণ অফিসে কর্মরত অডিটর জনাব মো: শফিকুর রহমান (শফি)কে এ উপজেলা হতে অন্য উপজেলায় বদলির জন্য তার উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট এ সভার কার্যবিবরণীসহ পত্র প্রেরণ করতে হবে।

(২) চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক ব্যবহৃত জীপগাড়ির জ্বালানী তেলের মূল্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সিদ্ধান্ত গৃহীত হলো।

০৬। **উপজেলা পরিষদের নিয়মিত ব্যয় সম্পর্কে আলোচনা ও সিদ্ধান্তঃ**

সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের নিয়মিত ব্যয়সমূহ পরিশোধ করা হয়েছে। তিনি ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ সভায় উপস্থাপন করেন এবং ব্যয় অনুমোদনের জন্য সভায় অনুরোধ জানান ।

| ব্যয়ের সময় | ক্র/নং | ব্যয়ের সংক্ষিপ্ত বিবরণ | টাকার পরিমাণ |
|---|---|---|---|
| ৩০/১০/২০২৩ খ্রি হতে ২৭/১১/২৩ খ্রি পর্যন্ত | (১) | ০৫/১১/২০২৩ খ্রি. উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং কর্মচারীদের বেতন ভাতা বাবদ ব্যয় (৪৫০০০+২৭০০০+২৭০০০+১২০০০+১৫৪০০+১৫৪০০) | ১,৪১,৮০০/- |
| | (২) | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স পরিষ্কার পরিচ্ছন্ন এবং উপজেলা পরিষদের আমবাগান পরিষ্কার পরিচ্ছন্ন | ১০,০০০/- |
| | (৩) | ১২/১১/২০২৩ চিকিৎসা সাহায্য, শিক্ষা সহায়তা, বঙ্গবন্ধুর মুড়ালের নিরাপত্তা বেষ্টনী মেরামত, উপজেলা পরিষদের পুকুরে চাষকৃত মাছের খাবার সরবরাহ, ব্যাটালিয়ন আনসারদের আবাসন মেরামত, অক্টোবর-২৩ মাসের আপ্যায়ন ব্যয়, চেয়ারম্যান, উপজেলা পরিষদ কর্তৃক ব্যবহৃত জীপগাড়ি মেরামত, | ২,১২,৮৪৫/- |
| | | কথায় = তিন লক্ষ চৌষট্টি হাজার ছয়শত পয়তাল্লিশ টাকা | ৩,৬৪,৬৪৫/- |

সিদ্ধান্ত: সভায় বিশদ আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা-২০২০ অনুযায়ী উপজেলা পরিষদের ৬নং অনুচ্ছেদে উল্লিখিত সময়ের আলোচ্য ব্যয়সমূহসহ নিয়মিত ব্যয়সমূহ সর্বসম্মতি-ক্রমে অনুমোদন করা হয়। এছাড়াও অপরিশোধিত ব্যয়সমূহ বিধি মোতাবেক উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে পরিশোধ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভায় উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়।

সভাপতি উপস্থিত দপ্তর প্রধানদের প্রতিনিধিদের জানান পরবর্তী সভা হতে উপজেলা মাসিক সাধারণ সভায় কার্যপত্রসহ দপ্তর প্রধানগণকে যথা সময়ে আবশ্যিকভাবে উপস্থিত থাকার অনুরোধ করেন। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

(জি.এম. সেলিম পারভেজ)
সভাপতি
ও
চেয়ারম্যান,উপজেলা পরিষদ
ফুলছড়ি, গাইবান্ধা.।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারর কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা ।

স্মারক নং-০৫.৫৫.৩২২১.০০২.২৪.০৩৩(অংশ-১).২০.১৩৩১

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩০ / ২৩ নভেম্বর ২০২৩

অনুলিপি ( সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ) ঃ

০১। মাননীয় সংসদ সদস্য, ৩৩ গাইবান্ধা ৫ নির্বাচনী এলাকা, বাংলাদেশ জাতীয় সংসদ, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
০৩। জেলা প্রশাসক, গাইবান্ধা ।
০৪। উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, গাইবান্ধা।
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা ।
০৬। সহকারী কমিশনার (ভূমি), ফুলছড়ি, গাইবান্ধা ।
০৭। জনাব ...................................................ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা ।
০৮। উপজেলা ........................................................................................( সকল ) অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা ।
০৯। চেয়ারম্যান, কঞ্চিপাড়া/উড়িয়া/উদাখালী/গজারিয়া/ফুলছড়ি/এরেন্ডাবাড়ী/ফজলপুর (সকল ) ইউপি, ফুলছড়ি, গাইবান্ধা
১০। অফিস নথি

(মোঃ আনিসুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ফুলছড়ি, গাইবান্ধা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।

## ফুলছড়ি উপজেলার ৫ম উপজেলা পরিষদের উপদেষ্টা/সভাপতি ও সদস্যগণের বিশেষ সভায় উপস্থিতি

মাসের নাম ঃ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

তারিখ ঃ ২৩/১১/২০২৩ খ্রিস্টাব্দ (বৃহস্পতিবার), সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

| ক্র/নং | সদস্যবৃন্দের নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ০১. | মাননীয় জাতীয় সংসদ সদস্য, ৩৩ গাইবান্ধা -৫<br>সাঘাটা-ফুলছড়ি | মাননীয় উপদেষ্টা | |
| ০২. | জনাব জি.এম সেলিম পারভেজ, চেয়ারম্যান<br>উপজেলা পরিষদ, ফুলছড়ি, গাইবান্ধা | সভাপতি | |
| ০৩. | জনাব মোঃ হুকুম আলী<br>ভাইস-চেয়ারম্যান,উপজেলা পরিষদ<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ০৪. | জনাব মোছাঃ আঞ্জুমনোয়ারা বেগম<br>মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ০৫. | জনাব মোঃ সোহেল রানা শালু<br>চেয়ারম্যান, ১নং কঞ্চিপাড়া, ইউপি. | সদস্য | |
| ০৬. | জনাব মোঃ গোলাম মোস্তফা কামাল পাশা<br>চেয়ারম্যান, ২নং উড়িয়া, ইউপি. | সদস্য | |
| ০৭. | জনাব মোঃ আল আমিন<br>চেয়ারম্যান, ৩নং উদাখালী, ইউপি. | সদস্য | |
| ০৮. | জনাব মোঃ খোরশেদ আলী খান<br>চেয়ারম্যান, ৪নং গজারিয়া, ইউপি. | সদস্য | |
| ০৯. | জনাব মোঃ আজহারুল হান্নান<br>চেয়ারম্যান, ৫নং ফুলছড়ি, ইউপি. | সদস্য | |
| ১০. | জনাব মোঃ আব্দুল মান্নান আকন্দ<br>চেয়ারম্যান, ৬নং এরেন্ডাবাড়ী, ইউপি. | সদস্য | |
| ১১. | জনাব মোঃ আনছার আলী মন্ডল<br>চেয়ারম্যান, ৭নং ফজলুপুর, ইউপি. | সদস্য | |
| ১২. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ১৩. | উপজেলা কৃষি অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ১৪. | উপজেলা প্রাণি সম্পদ অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ১৫. | উপজেলা মৎস্য অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ১৬. | উপজেলা প্রকৌশলী, এলজিইডি<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ১৭. | উপজেলা সমাজসেবা অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ১৮. | উপজেলা শিক্ষা অফিসার<br>ফুলছড়ি, ফুলছড়ি | সদস্য | |
| ১৯. | অফিসার ইনচার্জ<br>ফুলছড়ি থানা | সদস্য | |
| ২০. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসা<br>ফুলছড়ি | সদস্য | |

চলমান-২

# ফুলছড়ি উপজেলার ৫ম উপজেলা পরিষদের উপদেষ্টা/সভাপতি ও সদস্যগণের বিশেষ সভায় উপস্থিতি

মাসের নাম ঃ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

তারিখ ঃ ২৩/১১/২০২৩ খ্রিস্টাব্দ (বৃহস্পতিবার), সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা

| ক্র/নং | সদস্যবৃন্দের নাম ও ঠিকানা | পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|---|
| ২১. | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার<br>ফুলছড়ি, ফুলছড়ি | সদস্য | |
| ২২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ২৩. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক<br>ফুলছড়ি | সদস্য | |
| ২৪. | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার<br>ফুলছড়ি,গাইবান্ধা | সদস্য | |
| ২৫. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ২৬. | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ২৭. | উপজেলা পরিসংখ্যান অফিসার<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ২৮. | উপজেলা সমবায় অফিসার<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ২৯. | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ৩০. | উপজেলা মহিলা বিষয়ক অফিসার<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ৩১. | সহকারী প্রোগ্রামার<br>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর<br>আইসিটি, ফুলছড়ি | সদস্য | |
| ৩২. | এজিএম<br>কালিরবাজার পল্লী বিদ্যুৎ সমিতি, ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ৩৩. | উপজেলা সাবরেজিস্টার<br>ফুলছড়ি, গাইবান্ধা। | সদস্য | |
| ৩৪. | উপজেলা নির্বাচন অফিসার<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | |
| ৩৫. | উপজেলা সমন্বয়কারী<br>আমার বাড়ি আমার খামার প্রকল্প, ফুলছড়ি | সদস্য | |
| ৩৬. | ইনচার্জ<br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ফুলছড়ি | সদস্য | ২৩/১১/২৩ |
| ৩৭. | উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | ২৩/১১/২৩ |
| ৩৮. | উপজেলা ডেপলপমেন্ট ফাসিলিটেটর (ইউডিএফ)<br>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ফুলছড়ি | সদস্য | 23/11/23 |
| ৩৯. | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা<br>ফুলছড়ি, গাইবান্ধা | সদস্য | ২৩/১১/২০২৩ |
| ৪০. | উপজেলা সমন্বয়কারী গ্রাম আদালত<br>[illegible] | [illegible] | ২৩/১১/২৩ |
| ৪১. | | | |